

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯০

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

اَلْفَصْلُ الْلاَّوَّلُ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عَلَيْهِ وَسلم: «إِن أُمَّتِي يُدْعَوْنَ يَوْمَ القِيَامَةِ غُرًّا مُحَجَّلِينَ مِنْ آثَارِ الْوُضنُوءِ فَمَنِ اسْتَطَاعَ مِنْكُمْ أَنْ يُطِيلَ عرته فَلْيفْعَل»

বাংলা

২৯০-[১০] আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কিয়ামতের (কিয়ামতের) দিন আমার উম্মাতকে (জান্নাতে যাবার জন্য) এই অবস্থায় ডাকা হবে যখন তাদের চেহারা উযু (ওযু/ওজু/অজু)-র কারণে ঝকমক করতে থাকবে, সব অঙ্গ-প্রত্যঙ্গ চমকাতে থাকবে। "অতএব তোমাদের মধ্যে যে ব্যক্তি এ উজ্জ্বলতাকে বাড়াতে সক্ষম সে যেন তাই করে।" (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ১৩৬, মুসলিম ২৪৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসে ব্যবহৃত ﴿ শব্দের অর্থ শুল্র ঝলক যা ঘোড়ার কপালে হয়ে থাকে। তবে এখানে উদ্দেশ্য মু'মিনের চেহারাতে সৃষ্ট নূর। আর তারপরেই ﴿ শব্দের অর্থ শুল্রতা যা ঘোড়ার দু' হাত ও দু' পায়ে হয়ে থাকে, তখনও উদ্দেশ্য নূর। মুদ্দাকথা কিয়ামাতের (কিয়ামতের) দিন মু'মিনের উযূর অঙ্গ-প্রত্যঙ্গগুলো শুল্র নূরে ঝলকাতে থাকবে। তাদেরকে যখন সাক্ষ্মদাতাদের সামনে ডাকা হবে, হাশরের মাঠে, মীযানের নিকট, সীরাতের নিকট অথবা জান্নাতে তখন এ গুণ অনুপাতেই ডাকা হবে। এ অবস্থায় তারা এ গুণের উপরই বহাল থাকবে অথবা এ নামেই তাদেরকে ডাকা হবে। মু'মিন ব্যক্তির চেহারা ঝলকানোর দু'টি কারণের একটি উয়ু; যা এ হাদীসে উল্লেখ আছে। অপর কারণ- সিজদা (সিজদা/সেজদা); যা আত্ তিরমিযীতে 'আবদুল্লাহ ইবনু বুসর এর হাদীসে উল্লেখ আছে। পক্ষান্তরে হাত, পা ঝলকানোর কারণ একটি আর তা হলো উয়ু (ওয়ু/ওজু/অজু)।



এ হাদীসের রাবীদের একজন নু'আয়ম বলেনঃ (غُرُّا فَلَيْفُعُلُّ الْفَمَنِ اَسْتَطَاعَ مِنْكُمُ أَنْ يُطِيلَ غُرُّتَه فَلْيَفْعَلُ नावी সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর উক্তি নাকি আবৃ হুরায়রাহর উক্তি? হাফিয ইবনু হাজার আল আসকালানী ফাতহুল বারীতে বলেনঃ সাহাবীগণের থেকে যে দশজন এ হাদীসটি বর্ণনা করেছেন তাদের কারো বর্ণনাতে এ বাক্যটি আছে বলে আমি জানি না এবং যারা আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণনা করেছেন তাদের বর্ণনাতেও আছে বলে জানি না কেবল নু'আয়ম-এর এ বর্ণনাটি ছাড়া। উযূ (ওযু/ওজু/অজু) কারীর জন্য কিয়ামাতের (কিয়ামতের) দিন তার উযূর কারণে অঙ্গ-প্রত্যঙ্গের শুল্রতাকে বর্ধিতকরণে এ হাদীসটি দলীলম্বরূপ। তবে এ শুল্রতাকে বর্ধিতকরণে উযূর অঙ্গগুলোকে কি পরিমাণ ধৌত করতে হবে এ নিয়ে বিদ্বানগণ মতভেদ করেছেন। বলা হয়েছে হাত কাঁধ পর্যন্ত। পা হাঁটু পর্যন্ত। অন্য মতে বলা হয়েছে, হাত অর্ধ বাহু পর্যন্ত এবং পা নলা পর্যন্ত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন